



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি

POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর

গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ)।

এনএলডিসি ভবন (৬ষ্ঠ তলা), আফতাবনগর, বাড্ডা, ঢাকা।

স্মারক নং-২৭.২১.০০০০.৬৪৯.২৬.০০১.২৬.১৮৮

তারিখঃ ১১/০৫/২০২৬ খ্রিস্টাব্দ।

আউটসোর্সিং প্রক্রিয়ায় ড্রাইভার সেবা ক্রয়ের বিজ্ঞপ্তি

পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি এর অধীন “গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ)” দপ্তরের আওতাধীন মেঘনাঘাট ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্রে ও ভুলতা ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্রের জন্য ড্রাইভার পদে আউটসোর্সিং (Outsourcing) পদ্ধতিতে সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন স্থানীয় প্রতিষ্ঠানের (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) নিকট হতে সরাসরি দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	ড্রাইভার বেতন: টাকা ১৭,৯৯২/- ক্যাটাগরি-২	০২ (দুই) টি	অষ্টম শ্রেণী পাস/সমমান হতে হবে। তবে, অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।	আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা। ২০২৫ অনুযায়ী বাৎসরিক ০২টি উৎসব ভাতা (০১ মাসের বেতনের অর্ধেক অর্থাৎ ৫০% হারে) এবং বৈশাখী প্রগোদনা (০১ মাসের বেতনের ২০% হারে) এবং অতিরিক্ত কর্মঘণ্টা কাজের জন্য টাকা ৮০ হারে সর্বোচ্চ ১০০ ঘণ্টার মজুরী প্রাপ্ত হবেন।

শর্তাবলিঃ

- সেবা প্রদানকারী প্রতিষ্ঠান পাওয়ার গ্রিডের “তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ)” দপ্তর বরাবর লিখিত আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ১১/০৫/২০২৬ খ্রিঃ তারিখে বয়স (জ) জাতীয়তা (ঝ) জাতীয় পরিচয়পত্র নম্বর (ঞ) ধর্ম (ট) নিজ জেলা (ঠ) মোবাইল নম্বর (ড) শিক্ষাগত যোগ্যতা এবং ড্রাইভিং সনদ (ঢ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা সম্বলিত প্যাডে আবেদন করতে হবে। আবেদনের সাথে ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদ ও ভ্যাট সনদ, চলতি সন হতে কমপক্ষে বিগত ৫ (পাঁচ) বছরের ড্রাইভার সরবরাহের অভিজ্ঞতার সনদ এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে “তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ)” দপ্তর বরাবর আগামী ০৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি তত্ত্বাবধায়ক প্রকৌশলী গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ), পাওয়ার গ্রিড, এনএলডিসি ভবন (ষষ্ঠ তলা) আফতাবনগর, ঢাকা-১২১২ দপ্তরে/ মেঘনাঘাট ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্র, নিউটাউন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ/ ভুলতা ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র, ভুলতা, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ -এ অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১১/০৫/২০২৬ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৬০ বছর হতে হবে।
- আবেদনপত্রের সাথে (ড্রাইভারের) নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :
ক. শিক্ষাগত যোগ্যতা এবং ড্রাইভিং সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
খ. সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
গ. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
ঘ. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- অসম্পূর্ণ ও এন্ট্রিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ড্রাইভারের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচী পরবর্তীতে জানানো হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে/প্রতিষ্ঠানকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং ও অন্যান্য সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে/প্রতিষ্ঠানকে কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল, স্থগিত ও পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- বর্ণিত সেবাগ্রহণ মেঘনাঘাট ৪০০/২৩০ কেভি গ্রিড উপকেন্দ্র/ভুলতা ৪০০ কেভি গ্রিড উপকেন্দ্র ও সংশ্লিষ্ট সঞ্চালন লাইনের জন্য কার্যকর থাকবে।
- প্রাথমিকভাবে সরবরাহকৃত কার্যকাল হবে ২ বছর। সম্ভাব্যজনক কাজের ভিত্তিতে চুক্তির মেয়াদ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বর্ধিত করা যেতে পারে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১/০৫/২৬

(মোঃ আদিল চৌধুরী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

গ্রিড সার্কেল, ঢাকা (দক্ষিণ), পাওয়ার গ্রিড, ঢাকা।